



নিউ নরমাল জীবনধারা নিয়ে

আড়ংয়ের 'এই সময়ের গল্প'

এই ঈদে আড়ং নিয়ে এলো দুই-পর্বের শর্ট ফিল্ম 'এই সময়ের গল্প'। এই প্যান্ডেমিকের বৈরি পরিবেশে সকল বাধা মোকাবেলা করে কিভাবে একটি পরিবার সামনে এগিয়ে যায় – তাই নিয়ে এই শর্ট ফিল্মের গল্প। সকল প্রতিকূলতার মাঝেও মানুষের এগিয়ে যাওয়ার সহজাত ক্ষমতা এবং একই সাথে একটি সুন্দর ভবিষ্যৎ বিনির্মাণের প্রচেষ্টায় আমাদের সম্মিলিত দায়িত্ববোধের ব্যাপারটি সুন্দরভাবে ফুটে উঠেছে এই শর্ট ফিল্মে।

ফয়সাল এবং রাহা, একটি শিক্ষিত আধুনিক দম্পতি। ক্যারিয়ার নিয়ে দুজনেরই ব্যস্ততার জীবন। একমাত্র মেয়ে আরিয়ার পঞ্চম জন্মদিনটা বেশ ধুমধাম করেই উদযাপনের ইচ্ছা ছিল তাদের। কিন্তু করোনা মহামারির কারণে পুরো পরিস্থিতিই বদলে যায়।

ফয়সাল-রাহা খুব দ্রুতই চেষ্টা করে অনিশ্চিত এই সময়টার সাথে খাপ খাইয়ে নেয়ার জন্য। শুরু হয় নিউ নরমাল জীবনধারার সাথে মানিয়ে নিয়ে তাদের সামনে এগিয়ে যাওয়া।

প্রথম পর্ব গত ২৪শে জুলাই, শুক্রবার আড়ং এর ফেইসবুক পেইজ এবং ইউটিউব চ্যানেলে মুক্তি পায়। দ্বিতীয় পর্ব আসন্ন ঈদু-উল-আযহার আগেই মুক্তি দেয়া হবে। রেদোয়ান রনির পরিচালনায় 'এই সময়ের গল্প' শর্ট ফিল্মটিতে অভিনয় করেছেন অপর্ণা ঘোষ, এফ এস নাইম এবং শিশুশিল্পী আরিয়া। এই শর্ট ফিল্মটির সবগুলো পোশাকই সরবারহ করেছে আড়ং।



এই শর্ট ফিল্মটি কেনো তৈরি করা হলো এই প্রশ্নের উত্তরে আমরা আবেদ, ব্র্যাক এন্টারপ্রাইজিসের ব্যবস্থাপনা পরিচালক, বলেন “একটি পপুলার ব্র্যান্ড হিসাবে আড়ং তার দায়িত্বের জায়গা থেকে কি করতে পারে, মানুষের মাঝে সচেতনতা তৈরি করার জন্য এবং সকলকে সুরক্ষিত রাখার জন্য, সেই চিন্তা থেকেই এই শর্ট ফিল্ম ‘এই সময়ের গল্প’।”

প্রথম পর্বের লিংক:

<http://www.facebook.com/11698480372/posts/10157326205745373/>

ধন্যবাদসহ

রাফে সাদনান আদেল

হেড অফ মিডিয়া অ্যান্ড এক্সটার্নাল রিলেশন্স, ব্র্যাক

মোবাইল : ১০৭৫৩ ০৯১ ২৪৯

ইমেইল : rafe.sa@brac.net

BRAC

BRAC Centre
75 Mohakhali
Dhaka 1212
Bangladesh

T: +88 02 9881265
F: +88 02 8823542
E: info@brac.net
W: www.brac.net

Registered in
Bangladesh under
The Societies
Registration Act of 1860